পাঠ ১৪

# কাজের আনন্দ

নবকৃষ্ণ ভট্টাচার্য



## পাঠের মূলকথা

কাজে কখনো অবহেলা করা, ফাঁকি দেওয়া বা অলসতা করা উচিত নয়। কাজ করলে আনন্দ পাওয়া যায়। মৌমাছি, ছোটো পাখি, পিপীলিকা সবাই যার যার কাজে ব্যস্ত। মৌমাছি মধু আনতে যায়। ছোটো পাখি বাসা বানাতে তৃণলতা আনে। পিপীলিকা শীতের সময় গর্তে বসে বসে খাওয়ার জন্য খাদ্য জোগাড় করতে চলে যায়। কেউ অলসতা করে না।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্ট স্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।
- ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
- পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

## পাঠের শিখনফল

৪.১.২ কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৮.১.২ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারব।
৮.১.৪ পাঠের শব্দ, বাক্য, চরণ বলতে পারব।
১২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারব।
১২.১.৩ বানান করে কবিতার চরণ পড়তে পারব।
১২.১.৪ স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারব।
১২.১.৫ ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারব।
১৬.১.৩ কবিতার চরণ দেখে দেখে লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আনন্দ | কৃষ্ণ | ভট্টাচার্য | মৌমাছি | দাঁড়ানো | আহরণ | তৃণ | তৃণলতা | পিপীলিকা | শীত |
| সঞ্চয় | খাদ্য | | | | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ১ শব্দ শিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩০

আহরণ, তৃণলতা, বুনি, সঞ্চয়, খাদ্য।

**উত্তর :** আহরণ – সংগ্রহ করা।
তৃণলতা – ঘাস ও লতা।
বুনি – বানাই।
সঞ্চয় – সংগ্রহ।
খাদ্য – খাবার।

### ২ অভিনয় করে কবিতাটি আবৃত্তি করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩০

**উত্তর :** শিক্ষকের সহায়তায় নিজেরা চেষ্টা কর।


### ৩ ডান পাশ থেকে শব্দ নিয়ে খালি জায়গায় বসাই ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩০

| | |
|---|---|
| ১. মৌমাছি ——— আহরণ করে। | কিচির মিচির |
| ২. ছেলেমেয়েরা ——— যাচ্ছে। | মধু |
| ৩. শালিকগুলো ——— করছে। | পিপীলিকা |
| ৪. গাছের মধ্যে ——— বাসা। | নেচে নেচে |
| ৫. ——— দল বেঁধে চলে। | পাখির |

**উত্তর :** ১. মৌমাছি মধু আহরণ করে।
২. ছেলেমেয়েরা নেচে নেচে যাচ্ছে।
৩. শালিকগুলো কিচির মিচির করছে।
৪. গাছের মধ্যে পাখির বাসা।
৫. পিপীলিকা দল বেঁধে চলে।

### ৪ দাগ টেনে মিল করি (একটি দেখানো হয়েছে) ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩১

ছোটো পাখি




পিপীলিকা

কৃষক

মৌমাছি

মাঝি



**উত্তর :**


ছোটো পাখি

পিপীলিকা

কৃষক

মৌমাছি

মাঝি



## ? চলো, পারি কি না দেখি

### ৫ বলি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৩১

**প্রশ্ন ক. মৌমাছি কেন বনে যায়?**

উত্তর : মৌমাছি মধু আহরণ করতে বনে যায়।

**প্রশ্ন খ. ছোটো পাখি কীভাবে ডাকে?**

উত্তর : ছোটো পাখি কিচির মিচির শব্দে ডাকে।

**প্রশ্ন গ. ছোটো পাখি তৃণলতা দিয়ে কী বানাবে?**

উত্তর : ছোটো পাখি তৃণলতা দিয়ে বাসা বানাবে।

**প্রশ্ন ঘ. পিপীলিকা কীভাবে চলে?**

উত্তর : পিপীলিকা ছয় পায়ে পিলপিল চলে।

**প্রশ্ন ঙ. কে শীতের সঞ্চয় খুঁজছে?**

উত্তর : পিপীলিকা শীতের সঞ্চয় খুঁজছে।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

কিচিমিচি, কব, তৃণ, পিলপিল। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৮

**উত্তর : কিচিমিচি–** কিচির মিচির শব্দ।

**কব–** বলব।

**তৃণ–** ঘাস।

**পিলপিল–** পিঁপড়ার সারির মতো বহুজনের সমাবেশের উদ্দেশ্যে গমন বা নির্গমনের ভাব।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে দুটি করে বাক্য রচনা কর।**

মৌমাছি, নাচ, আহরণ, সময়। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৫

উত্তর :

| | |
|---|---|
| মৌমাছি | ১। মৌমাছি মধু আহরণে ফুলে ফুলে ঘুরে বেড়ায়।<br>২। মৌমাছির চাক থেকে মধু সংগ্রহ করা হয়। |
| নাচ | ১। শিশুটি মনের আনন্দে নাচছে।<br>২। পেখম মেলে ময়ূর নাচে। |
| আহরণ | ১। মৌচাক থেকে মধু আহরণ করা হয়।<br>২। জেলেরা সমুদ্র থেকে মৎস্য আহরণ করেন। |
| সময় | ১। সময়ের কাজ সময়ে কর।<br>২। আমি পড়ার সময় পড়ি, খেলার সময় খেলি। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. 'কাজের আনন্দ' কবিতার বিষয়বস্তু লেখ।**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৪

উত্তর : 'কাজের আনন্দ' কবিতায় শিশুমনের কৌতূহল ও জিজ্ঞাসা প্রকাশিত হয়েছে। শিশুমন মৌমাছিকে নাচতে নাচতে কোথায় যাচ্ছে জানতে চাইলে মৌমাছি বলে, ফুলবনে গিয়ে মধু আহরণ করতে হবে। পাখি ঘাস, লতা মুখে নিয়ে উড়ে চলছে বাসা বানানোর কাজে। পিপীলিকার দল ছেড়ে একা ছুটে চলা দেখে জিজ্ঞাসা করলে জবাবে জানায়, শীত চলে আসার আগেই তার সঞ্চয় করতে হবে। তাই এই অক্লান্ত ছুটে চলা। অর্থাৎ জগতে নিজ দায়িত্ব ও কাজ সময়মতো করতে পারার মধ্যেও আনন্দ আছে।

**প্রশ্ন ৪. কবিতাংশটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও।**

ছোটো পাখি, ছোটো পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও, বলে যাও শুনি।
এখন না কব কথা
আনিয়াছি তৃণলতা
আপনার বাসা আগে বুনি।

ক. পাখির আকৃতি কী রকম?
খ. কে কিচিমিচি ডাকে?
গ. ছোটো পাখি এখন কী করবে না?
ঘ. ছোটো পাখি কী এনেছে?
ঙ. 'আপনার' শব্দের অর্থ কী?

**উত্তর :**

ক. পাখির আকৃতি ছোটো।
খ. ছোটো পাখি কিচিমিচি ডাকে।
গ. ছোটো পাখি এখন কথা বলবে না।
ঘ. ছোটো পাখি তৃণলতা এনেছে।
ঙ. 'আপনার' শব্দের অর্থ নিজ বা নিজের।

**প্রশ্ন ৫. আমরা মধু কোথা থেকে পাই?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৪

উত্তর : আমরা মৌচাক থেকে মধু পাই।

**প্রশ্ন ৬. আমরা বাড়িতে কী কাজ করি?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৪

উত্তর : আমরা বাড়িতে ঘর গোছাই, আগাছা পরিষ্কার করি

এবং মায়ের কাজে সাহায্য করি।

**প্রশ্ন ৭. কাজ করতে তোমার কেমন লাগে?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৪

**উত্তর :** কাজ করতে আমার আনন্দ লাগে।

**প্রশ্ন ৮. পিঁপড়ার কয়টি পা?**

**উত্তর :** পিঁপড়ার ছয়টি পা।

**প্রশ্ন ৯. পিঁপড়ার কীসের এত তাড়া?**

**উত্তর :** পিঁপড়ার খাদ্য সঞ্চয়ের এত তাড়া।

**প্রশ্ন ১০. পাখি তৃণলতা আনছে কেন?**

**উত্তর :** পাখি বাসা বানানোর জন্য তৃণলতা আনছে।

**প্রশ্ন ১১. মৌমাছি কোথা থেকে মধু আহরণ করে?**

**উত্তর :** মৌমাছি ফুলে ফুলে উড়ে মধু আহরণ করে।

**প্রশ্ন ১২. কার দাঁড়ানোর সময় নেই?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৭

**উত্তর :** মৌমাছির দাঁড়ানোর সময় নেই।

**প্রশ্ন ১৩. কেন মৌমাছি অপেক্ষা করতে চাচ্ছে না?**

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১০৭

**উত্তর :** মধু আহরণে যাওয়ার জন্য মৌমাছি অপেক্ষা করতে চাচ্ছে না।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ১৪. বিরামচিহ্ন বসিয়ে কবিতাংশটি পুনরায় লেখ।**

ছোটো পাখি ছোটো পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও বলে যাও শুনি

**উত্তর :**

ছোটো পাখি, ছোটো পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও, বলে যাও শুনি।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | কবিতা বলতে পারে। | | | |
| | কবিতা শুনে বলতে পারে। | | | |
| | কবিতা শুনে বলতে পেরেছে। | | | |
| | কবিতা বলতে পেরেছে। | | | |
| দক্ষতা | স্পষ্ট ও শুদ্ধ স্বরে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | কবিতার চরণ দেখে দেখে লিখতে পেরেছে। | | | |
| | পাঠের শব্দ, বাক্য, চরণ লিখতে পেরেছে। | | | |
| | প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | শব্দ, বাক্য লিখতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আনন্দের সাথে কবিতা বলতে পেরেছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন | নিজেকে মূল্যায়ন করি

### ধারাবাহিক মূল্যায়ন

তারিখ : ☐☐☐ সময় : ..............

শিক্ষার্থীর নাম : .......................................... শ্রেণি : .......................................... রোল নম্বর : ☐

**১। দাগ টেনে মিল কর।**

ছোটো পাখি

পিপীলিকা

কৃষক

মৌমাছি

মাঝি



**২। ডান পাশ থেকে শব্দ নিয়ে খালি জায়গায় বসিয়ে লেখ।**

| | |
|---|---|
| ক. মৌমাছি ——— আহরণ করে। | কিচির মিচির |
| খ. ছেলেমেয়েরা ——— যাচ্ছে। | মধু |
| গ. শালিকগুলো ——— করছে। | পিপীলিকা |
| ঘ. গাছের মধ্যে ——— বাসা। | নেচে নেচে |
| ঙ. ——— দল বেঁধে চলে। | পাখির |

**৩। বিরামচিহ্ন বসিয়ে কবিতাংশটি পুনরায় লেখ।**

ছোটো পাখি ছোটো পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও বলে যাও শুনি

### উত্তরমালা

১ ▸


ছোটো পাখি

পিপীলিকা

কৃষক

মৌমাছি

মাঝি



২ ▸ ক. মৌমাছি মধু আহরণ করে।

খ. ছেলেমেয়েরা নেচে নেচে যাচ্ছে।

গ. শালিকগুলো কিচির মিচির করছে।

ঘ. গাছের মধ্যে পাখির বাসা।

ঙ. পিপীলিকা দল বেঁধে চলে।

৩ ▸ ছোটো পাখি, ছোটো পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও, বলে যাও শুনি।

মূল্যায়ন রিপোর্ট ▸ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐